

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
সমষ্টি ও নরডিক অনুবিভাগ
সমষ্টি-০৪ শাখা
শের-ই বাংলা নগর, ঢাকা।

বিষয়ঃ অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অধীন কারিগরি সহায়তা প্রকল্পসমূহের মে ২০২৪ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সভাপতিঃ মোঃ শাহুরিয়ার কাদের ছিদ্রিকী
সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
তারিখঃ ২৫ জুন ২০২৪ খ্রিঃ
সময়ঃ বিকাল ৩.৩০ ঘটিকা
স্থানঃ এনইসি-২ সম্মেলন কক্ষ, শেরেবাংলা নগর, ঢাকা।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান (সমষ্টি ও নরডিক) সভাকে অবহিত করেন যে, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপিতে মোট ০৪টি কারিগরি সহায়তা প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। উক্ত ০৪টি প্রকল্পের জন্য মোট বরাদ্দ ৪৭৩১.০০ (চার হাজার সাতশত একাশ্চিহ্ন) লক্ষ টাকার বিপরীতে মে ২০২৪ পর্যন্ত মোট ব্যয়ের পরিমাণ ৩৭৪০.৫০ (তিন হাজার সাতশত চালিশ দশমিক পাঁচ শৃঙ্খলা) লক্ষ টাকা; ব্যয়ের শতকরা হার ৭৯.০৬ (উনআশি দশমিক শৃঙ্খলা ছয়) ভাগ। উল্লেখ্য, মোট জিওবি বরাদ্দ ৮৬৩.০০ (আটশত তেষটি) লক্ষ টাকার মধ্যে মোট ব্যয়ের পরিমাণ ৫৮১.৬০ (পাঁচশত একাশ দশমিক ছয় শৃঙ্খলা) লক্ষ টাকা; যা বরাদ্দের শতকরা ৬৭.৩৯ ভাগ। প্রকল্প সাহায্য বরাদ্দ ৩৮৬৮.০০ (তিন হাজার আটশত আটষটি) লক্ষ টাকার বিপরীতে ব্যয়ের পরিমাণ ৩১৫৮.৯০ (তিন হাজার একশত আটাশ দশমিক নয় শৃঙ্খলা) লক্ষ টাকা; যা বরাদ্দের শতকরা ৭৮.০২ ভাগ।

সভায় প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত:

ক. সেন্ট্রাল কো-অর্ডিনেশন ইউনিট অব দ্য প্রাইভেট ইনভেস্টমেন্ট এন্ড ডিজিটাল অন্টার্প্রানারশীপ (সিসিইউ-প্রাইভেট) প্রজেক্ট।

উপ-প্রকল্প সমষ্টিক সভায় জানান যে, বিশ্বব্যাংকের অর্থায়নে বাস্তবায়নাধীন এ প্রকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে আরএডিপিতে বরাদ্দ ৫৮৭.০০ লক্ষ টাকা যা” সম্পূর্ণ প্রকল্প ঝুঁক। মে ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৩৪২.৯৭ লক্ষ টাকা; যা বরাদ্দের শতকরা ৫৮.৪৩ ভাগ। প্রকল্প সাইট ডিজিট ও স্থানীয় প্রশিক্ষণ জুন ২০২৪ মাসের মধ্যে সম্পন্ন হবে। প্রকল্পের নিয়মিত মাসিক ব্যয়, সাইট ডিজিট ও স্থানীয় প্রশিক্ষণ কার্যক্রমে সম্ভাব্য ব্যয় হবে ৫১৩.০০ লক্ষ টাকা। ফলে, ২০২৩-২০২৪ অর্থবছরে মোট সম্ভাব্য ব্যয় হবে ৮৭.৮০%। তবে আর্থিক অগ্রগতি ১০০% লক্ষ্য অর্জনের চেষ্টা অব্যাহত থাকবে।

সিদ্ধান্ত: চলতি আরএডিপি বরাদ্দ অনুযায়ী অনুমোদিত কর্মপরিকল্পনা ও ক্রম পরিকল্পনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শতভাগ অর্জনের চেষ্টা অব্যাহত রাখতে হবে।

খ. জাপান হিউম্যান রিসোর্সেস ডেভলপমেন্ট ক্লারশিপ (জেডিএস) প্রকল্প।

অতিরিক্ত সচিব ও অনুবিভাগ প্রধান (আমেরিকা ও জাপান) সভায় জানান, জেডিএস প্রকল্পের প্রকল্প সহায়তার উৎস জাপান সরকার এবং প্রকল্প সহায়তার অর্থ জাইকার নির্ধারিত এজেন্ট JCI]-এর মাধ্যমে সরাসরি জেডিএস ফেলোদের অনুকূলে জাপানে ব্যয় করা হয়। তিনি বলেন, জেডিএস প্রকল্পে ২০২৩-২০২৪ অর্থবছরে আরএডিপিতে মোট বরাদ্দ ৩০১১.০০ লক্ষ টাকা (প্রকল্প সাহায্য ৩০০০.০০ লক্ষ টাকা ও জিওবি ১১.০০ লক্ষ টাকা)। মে ২০২৪ মাস পর্যন্ত ব্যয় ২৬৬১.৪৯ লক্ষ টাকা' যা বরাদ্দের শতকরা ৮৮.৩৯ ভাগ।

সিদ্ধান্ত: অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শতভাগ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

গ. Support to Sustainable Graduation Project (SSGP).

প্রকল্প পরিচালক সভায় জানান, ২০২৩-২৪ অর্থ-বছরে প্রকল্পের অনুকূলে আরএডিপিতে মোট বরাদ্দ ৭৮৬.০০ লক্ষ টাকা (জিওবি); মে ২০২৪ পর্যন্ত ব্যয় হয়েছে ৫৭২.৯৭ লক্ষ টাকা; যা বরাদ্দের শতকরা ৭২.৯০ ভাগ। Study on Industrial Production বিষয়ক Report এর উপর Validation Workshop, বরিশালে Local Level Consultation (LLC) Workshop এবং LDC Graduation এর উপর National Seminar অনুষ্ঠিত না হওয়ায় আর্থিক অগ্রগতি শতকরা হারে কম হয়েছে। উল্লেখ্য, প্রধান অতিথিগণের অন্যত্র ব্যস্ততা থাকায় উক্ত Workshopসমূহ অনুষ্ঠান করা সম্ভব হয় নাই।

সিদ্ধান্ত: অনুমোদিত কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শতভাগ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঘ. নেলেজ ফর ডেভলপমেন্ট ম্যনেজমেন্ট (K4DM) (Phase-II).

প্রকল্প পরিচালক সভায় জানান যে, ২০২৩-২৪ অর্থবছরে আরএডিপি-তে মোট বরাদ্দ ৩৪৭ লক্ষ টাকা। মে ২০২৪ মাস পর্যন্ত মোট ব্যয়ের পরিমাণ ১৬৩.০৭ লক্ষ টাকা, যা মোট বরাদ্দের শতকরা ৪৬.৯৯ ভাগ। তিনি আরও জানান যে, প্রকল্প সংশোধন প্রস্তাবের উপর Special Project Evaluation Committee (SPEC) এর সভা অনুষ্ঠিত হয়েছে এবং এ বিষয়ে পরিকল্পনা কমিশন হতে প্রকল্পের অনুমোদন আদেশ জারী করা হবে। সভায় প্রকল্পের আর্থিক অগ্রগতি বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।

সিদ্ধান্ত: (১) আরএডিপি অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম শতভাগ পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(২) সংশোধিত প্রকল্পের অনুমোদন প্রাপ্তির লক্ষ্যে পরিকল্পনা কমিশনের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

২. সভায় বিস্তারিত আলোচনার পর নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২.১ আরএডিপি ২০২৩-২৪ অনুযায়ী প্রকল্পের আর্থিক ও বাস্তব অগ্রগতি শতভাগ অর্জনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

২.২ চলমান কারিগরি সহায়তা প্রকল্পগুলোর অনুমোদিত কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা অনুযায়ী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ২.৩ টিএপিপি অনুযায়ী কারিগরি সহায়তা প্রকল্পের পিএসসি ও পিআইসি সভা যথাসময়ে আয়োজন করতে হবে।
৩. সভায় আলোচনার জন্য ডিম্ব কোন বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



২৬.৮.২০২৪

মোঃ শাহরিয়ার কাদের ছিদ্রিকী

সচিব

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।